

ডাকসু

১২ সম্পাদকীয় পদের ৯টিতে শিবিরের জয়, ৩টিতে স্বতন্ত্র



ছবি: সংগৃহীত

সমকাল প্রতিবেদক

প্রকাশ: ১০ সেপ্টেম্বর ২০২৫ | ১০:১৫ | আপডেট: ১০ সেপ্টেম্বর ২০২৫ | ১২:৪৩

(-) (অ) (+)

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) নির্বাচনে ১২টি সম্পাদকীয় পদের মধ্যে ৯টিতে ছাত্রশিবির সমর্থিত প্যানেলের প্রার্থীরা জয়লাভ করেছেন। বাকি তিনটি পদে স্বতন্ত্র প্রার্থীরা জয়ী হয়েছেন।

ডাকসুতে ভিপি, জিএস, এজিএসসহ পদ আছে ২৮টি। এর মধ্যে সদস্যপদ রয়েছে ১৩টি।

আজ বুধবার সকালে ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেট ভবনে নির্বাচন কমিশন থেকে ঘোষিত চূড়ান্ত ফলাফল থেকে এ তথ্য জানা যায়।

সম্পাদকীয় পদগুলোতে যারা জয়ী হলেন-

সহ-সভাপতি (ভিপি) পদে- আবু সাদিক কায়েম, সাধারণ সম্পাদক (জিএস) পদে- এস এম ফরহাদ, সহ-সাধারণ সম্পাদক (এজিএস) পদে- মুহা মহিউদ্দীন খান, মুক্তিযুদ্ধ ও গণতান্ত্রিক আন্দোলন সম্পাদক- ফাতেমা তাসনিম জুমা, বিজ্ঞান ও প্রযুক্তি সম্পাদক- ইকবাল হায়দার, কমন রুম রিডিং রুম ও ক্যাফেটেরিয়া সম্পাদক- উম্মে ছালমা, আন্তর্জাতিক সম্পাদক- জসীমউদ্দিন খান, সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক- মুসাদিক আলী ইবনে মোহাম্মদ (স্বতন্ত্র), গবেষণা ও প্রকাশনা সম্পাদক- সানজিদা আহমেদ তরিখ (স্বতন্ত্র), ক্রীড়া সম্পাদক- আরমান হোসেন, ছাত্র পরিবহন সম্পাদক- আসিফ আব্দুল্লাহ, সমাজসেবা সম্পাদক- যুবাইর বিন নেছারী (স্বতন্ত্র), ক্যারিয়ার ডেভেলপমেন্ট সম্পাদক- মাজহারুল ইসলাম, স্বাস্থ্য ও পরিবেশ সম্পাদক- এম এম আল মিনহাজ, মানবাধিকার ও আইন বিষয়ক সম্পাদক পদে মো. জাকারিয়া জয়ী হয়েছেন।